

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, মহম্মদপুর, মাগুরা।  
<http://doict.mohammadpur.magura.gov.bd>

স্মারক নং-৫৬.০৪.৫৫৬৬.০০০.৩১.০০৫.১৯-১৮৬

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রি:

**বিষয়: খোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নির্বাচনের তফসিল।**

উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা মহোদয় এর কার্যালয়ের স্মারক নং-০৫.৪৪.৫৫৬৬.০০০.০১.০৪৬.২৩-৩৯৫, তারিখ: ২০/০৬/২০২৩ খ্রি: মোতাবেক আমি নিম্নস্বাক্ষরকারী প্রিজাইডিং অফিসার নিযুক্ত হয়ে খোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, উপজেলা- মহম্মদপুর, জেলা-মাগুরা এর নিয়মিত ম্যানেজিং কমিটি নির্বাচন সম্পাদনের লক্ষ্যে প্রতিষ্ঠাতা-০১, দাতা-০১, সাধারণ অভিভাবক-০৪, সংরক্ষিত মহিলা অভিভাবক-০১, সাধারণ শিক্ষক-০২ এবং সংরক্ষিত মহিলা শিক্ষক-০১ সর্বমোট ১০ জন সদস্য নির্বাচনের জন্য নিম্নে বর্ণিত নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো। ঘোষিত তফসিল অনুযায়ী সকল শ্রেণীর সদস্যের মনোনয়নপত্র সহকারী প্রোগ্রামার ও প্রিজাইডিং অফিসার, মহম্মদপুর, মাগুরা কার্যালয় হতে নির্ধারিত সময়ের মধ্যে সকল পদে অফেরতযোগ্য ৪,০০০/- (চার হাজার টাকা) মূল্যে মনোনয়নপত্র গ্রহণ করা যাবে। মনোনয়নপত্র জমাদান, মনোনয়নপত্র বাছাই, প্রত্যাহার, নির্বাচনের তারিখ ও সময় বর্ণিত হল।

- ১। নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ : ২৫/০৬/২০২৩ খ্রি:
- ২। মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদানের শেষ তারিখ : ০৩/০৭/২০২৩ হতে ০৫/০৭/২০২৩ খ্রি:  
(প্রিজাইডিং অফিসারের অফিস চলাকালীন সময়ে)
- ৩। মনোনয়নপত্র বাছাই : ০৬/০৭/২০২৩ খ্রি:  
(প্রিজাইডিং অফিসারের কার্যালয় সকাল ১১.০০টা হতে ১২.৩০টা পর্যন্ত)
- ৪। মনোনয়নপত্র বাতিলের আপিল : ০৯/০৭/২০২৩ খ্রি:
- ৫। প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ : ১০/০৭/২০২৩ খ্রি:
- ৬। বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ : ১১/০৭/২০২৩ খ্রি:
- ৭। নির্বাচনের তারিখ ও ফলাফল ঘোষণা : ২২/০৭/২০২৩ খ্রি:  
(সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাঙ্গনে)

অনিবার্য কারণবশত: নির্বাচন অনুষ্ঠানের পূর্বদিন পর্যন্ত যে কোন তারিখ/সময়ে ঘোষিত নির্বাচনী তফসিল পরিবর্তন/ পরিবর্ধনের ক্ষমতা প্রিজাইডিং অফিসার সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-  
(মো: রফিকুল ইসলাম)  
সহকারী প্রোগ্রামার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
মহম্মদপুর, মাগুরা।  
ই-মেইল: [rafiq@doict.gov.bd](mailto:rafiq@doict.gov.bd)  
ও  
প্রিজাইডিং অফিসার  
খোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয় এর ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৩

স্মারক নং-৫৬.০৪.৫৫৬৬.০০০.৩১.০০৫.১৯-১৮৬

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা।
- ২। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৩। অফিসার ইনচার্জ, মহম্মদপুর, মাগুরা।
- ৪। প্রধান শিক্ষক, খোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, মহম্মদপুর, মাগুরা। (উপ-প্রবিধান ১৫(১) এর অধীন বিজ্ঞপ্তিটি প্রাপ্তির সঙ্গে সঙ্গে সকল শ্রেণীকক্ষে শিক্ষার্থীর উদ্দেশ্যে উহা পাঠ করে শুনাবেন/এস আর ও নং ১৫৩/আইন/২০০৯ মোতাবেক সিডিউলটি জরুরী ভিত্তিতে একটি বহল প্রচারিত পত্রিকার মাধ্যমে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করবেন, স্থানীয়ভাবে প্রচারের জন্য নিবিড় মাইকিং এর ব্যবস্থা এবং একটি অনুলিপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া প্রকাশ করবেন ও অপর অনুলিপি প্রতিষ্ঠানের নথিতে সংরক্ষণ করবেন।)
- ৫। জনাব ..... সভাপতি / সদস্য, খোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, মহম্মদপুর, মাগুরা।
- ৬। অফিস নথি।



সহকারী প্রোগ্রামার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ও  
প্রিজাইডিং অফিসার  
খোয়াইল আদর্শ মাধ্যমিক বিদ্যালয় এর ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৩  
মহম্মদপুর, মাগুরা।